

নূহ (আঃ) আল্লাহর কাছে প্রার্থনা করে বললেন তাঁকে  
এবং তাঁর অনুসারীদের যেন শাস্তি থেকে রক্ষা করা হয় ।  
আল্লাহ তাঁর প্রার্থনা কবুল করলেন এবং তাঁকে একটা বড়  
নৌকা তৈরী করতে বললেন ।



আল্লাহর অনুগ্রহে নূহ (আঃ) কাঠ ও যন্ত্রপাতি সংগ্রহ  
করলেন এবং দিন রাত পরিশ্রম করে নৌকাটি  
বানাতে শুরু করলেন। এসব দেখে অবিশ্বাসীরা  
তাঁকে নিয়ে ঠাট্টা বিদ্রূপ করতে লাগল।



তারপর এমন বৃষ্টি শুরু হলো যা এর আগে কখনো কোন  
মানুষ দেখেনি । হঠাৎ সাগরের পানি উপরে উঠে গেল  
এবং শুকনো ভূমিতে বন্যার সৃষ্টি হল । বন্যা মহাপ্লাবনের  
রূপ নিল । বন্যার পানিতে সব কিছু প্লাবিত হয়ে গেল ।





নূহ (আঃ) এর পুত্র একটি পর্বতের উপর উঠে তার জীবন রক্ষা করতে চাইলো; কিন্তু সেও ডুবে গেল । যখন নূহ (আঃ) তাঁর ছেলের জন্য দোঁআ করলেন, আল্লাহ্ বললেন, “ও নূহ! নিশ্চয়ই সে বিশ্বাসীদের পরিবারের অন্তর্ভুক্ত নয়।” চল্লিশ দিন ও চল্লিশ রাত ধরে বৃষ্টি হতে লাগলো । নূহ (আঃ) ও তাঁর অনুসারীরা বন্যায় বেঁচে রইল ।



যখন নূহ (আঃ) এর চুলা থেকে পানি বেরিয়ে আসল, তখন তিনি  
ও তাঁর অনুসারীরা জাহাজের দিকে ধাবিত হলেন । আল্লাহর  
আদেশে তিনি তাঁর সাথে সব পশু-পাখি এমনকি পোকা-মাকড়দের  
জোড়ায় জোড়ায় জাহাজে নিয়ে গেলেন ।

